অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, মেয়র প্যাটারসন-হাওয়ার্ড, এবং কাউন্টি ল্যাটিমার মাউন্ট ভার্নন সিটির দীর্ঘদিনের পানি অবকাঠামোর সমস্যা সমাধানে ঐতিহাসিক অংশীদারিত্ব ঘোষণা করলেন

স্টেট বয়স্ক পানি ও বর্জ্য অবকাঠামো প্রতিস্থাপনে 150 মিলিয়ন মার্কিন ডলার, জীবনযাত্রার মান উন্নয়ন করবে এবং জনস্বাস্থ্য সুরক্ষিত করবে

গভর্নর 'থার্ড স্ট্রিট' বর্জ্য প্রকল্পের প্রকৌশল, নকশা এবং নির্মাণ সূচনা করতে অবিলম্বে 7 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের নির্দেশ দেন

জরুরি মেরামত তহবিল এবং সীসার পাইপ প্রতিস্থাপনের দীর্ঘমেয়াদি পরিকল্পনা শুরু করে দেওয়ার জন্য 8 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্যাকেজ

হাউজিং রেমেডিয়েশন এবং রেজিলিয়েন্সি পাইলট কর্মসূচির জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ এবং মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমারের সাথে একটি উদাহরণ সৃষ্টিকারী ত্রিমুখী অংশীদারিত্ব ঘোষণা করলেন, যাতে কয়েক দশক ধরে মাউন্ট ভার্নন সিটিকে জর্জরিত করে রাখা দীর্ঘদিন ধরে হয়ে আসা পানির অবকাঠামো এবং সংশ্লিষ্ট জনস্বাস্থ্য সমস্যা সমাধানে কাজ অবিলম্বে অগ্রসর করা যায়। মাউন্ট ভার্নন সিটি হলের (Mount Vernon's City Hall) একটি অনুষ্ঠানে, গভর্নর এছাড়াও 'থার্ড স্ট্রিট বর্জ্য প্রকল্পের (Third Street Sewer Project)' কাজ অবিলম্বে শুরু করার জন্য 7 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন, প্রকল্পটির কাজ শেষ হলে এটি কাছের 500 গৃহস্থালির জন্য নির্ভরযোগ্য বর্জ্য পানির সেবা নিশ্চিত করবে, যাদের এখন অস্থায়ী পাম্প এবং পর্যাপ্ত বর্জ্য পানি সংগ্রহ করা নিশ্চিত করার জন্য রাস্তায় বানানো একটি কাজ চালানোর মতো সাময়িক ব্যবস্থা দ্বারা সেবাদান করা হয়।

"মাউন্ট ভার্ননের মতো অনেক বেশি অশ্বেতাঙ্গ সম্প্রদায়ে, অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো দৈন্যদশায় ফেলে রাখা হয়েছে, কিন্তু আজকে আমরা পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করে, বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়ন করে, এবং কয়েক দশকের বিনিয়োগহীনতার

সমাধান করে পুরো দেশের জন্য একটি উদাহরণ স্থাপন করছি," **গভর্নর হোকল বলেন।** "যখন আমি মেয়র প্যাটারসন-হাওয়ার্ডের সাথে কথা বলে তার শহরের এই সঙ্কট কতটা মারাত্মক সে ব্যাপারে শুনি, আমি তখন অবিলম্বে আমার প্রশাসনকে শহরের এবং কাউন্টির সাথে সমন্বয় করে এই ব্যবস্থাগত ভুলকে সঠিক করার নির্দেশ দেই। আমি রূপান্তরকারী এই পরিবেশগত ন্যায়বিচারের জয় প্রদানে আমাদের সামগ্রিক এবং সমবেত প্রচেষ্টার জন্য গর্বিত।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "আমি দীর্ঘদিন ধরে মাউন্ট ভার্নন সিটিকে জর্জরিত করে রাখা এই সমস্যা সমাধানে গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাতে চাই মাউন্ট ভার্ননের বয়স্ক বর্জ্য এবং বর্জ্য পানির অবকাঠামোতে উল্লেখযোগ্য এই বিনিয়োগ নিঃসন্দেহে প্রয়োজন, যেহেতু হাজার হাজার বাড়ির মালিক বর্জ্য জমে যাওয়ার সমস্যা এবং সংশ্লিষ্ট স্বাস্থ্য সমস্যা দ্বারা সরাসরি ভুগছে এবং বর্জ্য উপচে অনিবার্যভাবেই কাছের হাচিনসন ও ব্রঙ্কস নদীতে গিয়ে পড়ছে। মাউন্ট ভার্ননের পাইপগুলি পুরনো, ক্ষয়প্রাপ্ত এবং অতিরিক্ত ভার বহন করছে, এবং আমি এটি ঠিক করতে স্টেট, কাউন্টি এবং সিটির মধ্যকার ত্রিমুখী অংশীদারিত্ব শুরু করতে অতি আগ্রহী।"

মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ড বলেন, "আমি মাউন্ট ভার্নন সিটিতে ঐতিহাসিক এই বিনিয়োগের জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমাদের অবকাঠামো পুনর্গঠন করা সম্প্রদায়ের অর্থনৈতিক, সামাজিক এবং শারীরিক স্বাস্থ্যের জন্য অতি গুরুত্বপূর্ণ। ধন্যবাদ মাউন্ট ভার্নন, ওয়েস্টচেস্টার এবং নিউ ইয়র্ক স্টেট দলকে যারা এটিকে সত্যি করতে গত কিছু মাস ধরে নিরলসভাবে একত্রে কাজ করে গেছে। সরকার মানুষের জন্য একত্রে কাজ করলে এমন ব্যাপার হয় এবং আমরা একত্রে এই বিরাট বর্জ্য প্রকল্প নিয়ে অগ্রসর হওয়ার জন্য অত্যন্ত উৎসাহী। "

হোয়াইট হাউজ পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার উপদেষ্টা পরিষদের (White House Environmental Justice Advisory Council) সহপ্রধান, জাতীয় সংস্থান প্রতিরক্ষা পরিষদ ট্রাস্টি বোর্ডের (National Resource Defense Council Board of Trustees) সদস্য, এবং গ্রামীণ এন্টারপ্রাইজ এবং পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার কেন্দ্রের (Center for Rural Enterprise and Environmental Justice) প্রতিষ্ঠাতা ক্যাথরিন ফ্লাওয়ার্স বলেন, "সাহায্যের আবেদন শুনে যারা সাড়া দিয়েছে তাদের সকলের প্রতি আমি কৃতজ্ঞ। মাউন্ট ভার্ননে আজকের ঘোষণা সকলের জন্য স্যানিটেশন ন্যায়বিচার আনতে স্টেটের প্রতিশ্রুতির উদাহরণ।"

উদ্ভাবনী স্টেট-কাউন্টি-সিটি অংশীদারিত্ব মেমোরালাইজ করা হয়েছে মেমোরান্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিংয়ে (Memorandum of Understanding, MOU), যাতে অগ্রাধিকার প্রকল্প ত্বরান্বিত করা যায় এবং এই সিটিব্যাপী প্রচেষ্টার জন্য ভূমিকা, দায়িত্ব, এবং উপলভ্য তহবিলের রূপরেখা তৈরি করা যায়। মেমোটি মাউন্ট ভার্নন সিটি, ওয়েস্টচেস্টার কাউন্টি, এবং নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) মধ্যকার ত্রিমুখী অংশীদারিত্ব আনুষ্ঠানিক করে, যা একাধিক স্টেট এজেন্সির প্রতিনিধিত্ব করে, যার মধ্যে রয়েছে 7 মিলিয়ন মার্কিন ডলার পরিষ্কার পানি অবকাঠামো আইন (Clean Water Infrastructure Act) তহবিল যাতে অবিলম্বে থার্ড স্ট্রিট বর্জ্য প্রকল্পের প্রকৌশল, নকশা ও নির্মাণ কাজ শুরু করা যায়। শহরজুড়ে প্রকল্পসমূহের কাজ,

শহরের বর্তমান অবকাঠামোর একটি সার্বিক মূল্যায়নের পর পাঁচ থেকে সাত বছর ধরে পর্যায়ক্রমে সম্পাদিত হবে।

স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) জরুরি মেরামতের জন্য এবং সীসার পাইপ প্রতিস্থাপনসহ ভবিষ্যৎ প্রকল্পসমূহের দীর্ঘমেয়াদি পরিকল্পনা করার জন্য 8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে। তহবিলে রয়েছে একটি 5 মিলিয়ন মার্কিন ডলারের সুদমুক্ত জরুরি ঋণ এবং সম্প্রদায়ে সীসার সেবা লাইন নিয়ে জরিপ করার জন্য এবং একটি প্রতিস্থাপন পরিকল্পনা তৈরির জন্য একটি 1 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান। এছাড়াও EFC এই সম্প্রদায়ে কাজ ত্বরান্বিত করার জন্য প্রকৌশলী পরামর্শ সেবার জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারে নিবেদিত রাখবে। পাশাপাশি, মাউন্ট ভার্নন, DEC এবং EFC একটি সম্পদ ব্যবস্থাপনা কর্মসূচি হাতে নেওয়ার প্রতিশ্রুতি নিয়েছে যেটি শহরের পরিষ্কার পানির অবকাঠামোর তালিকা করবে, যাচাই করবে এবং খুঁজে বের করবে, এবং দীর্ঘমেয়াদে মাউন্ট ভার্ননের পানির মানের অবকাঠামোর অর্থায়ন ও রক্ষণাবেক্ষণের একটি পরিকল্পনা তৈরিতে সাহায্য করবে।

গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিস (Governor's Office of Storm Recovery) সরকারি অবকাঠামো উন্নয়নের সম্পূরক হিসেবে একটি 3 মিলিয়ন মার্কিন ডলারের পরিবেশ সংক্রান্ত বিপদ প্রশমন করার এবং বেসরকারি সম্পত্তিতে স্থিতিস্থাপকতা হালনাগাদ করার পাইলট কর্মসূচি গ্রহণ করবে। অংশগ্রহণকারী বাড়িগুলি ক্ষতিগ্রস্ত পাইপের পুনর্বাসন, সীসা সেবা লাইন প্রতিস্থাপন, এবং অন্যান্য পরিবেশ সংক্রান্ত প্রতিকারের জন্য উপযুক্ত হবে।

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের কমিশনার বেসিল সেগোস বলেন, "মাউন্ট ভার্নন সিটির পানি অবকাঠামো উন্নয়নে গভর্নর হোকলের ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ হলো বহু প্রজন্মের অবহেলা এবং প্রয়োজনের কম বিনিয়োগের পর সম্প্রদায়টিকে পূর্ণ করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমি মাউন্ট ভার্নন সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে আমাদের অংশীদারদের সাথে এবং একইসাথে এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন, স্বাস্থ্য ডিপার্টমেন্ট (Department of Health), গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের আমাদের সহকর্মীদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়ে থার্ড স্ট্রিট বর্জ্য প্রকল্পের কাজ শুরু করতে পেরে গর্বিত, এটি পুরো শহরের বয়স্ক অবকাঠামো প্রতিস্থাপনে নিউ ইয়র্ক স্টেটের বহু বছরের, বহু এজেন্সির অঙ্গীকারের সূচনা চিহ্নিত করলো।।"

নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশননের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "সরকার একসাথে করলে ফলস্বরূপ মানুষ ও সম্প্রদায়সমূহের জন্য যেই ইতিবাচক, বাস্তব ফলাফল পাওয়া যায় তার প্রধান উদাহরণ হলো এই প্রকল্পটি। অংশীদারিত্বটি এবং উল্লেখযোগ্য স্টেট বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর উন্নয়ন ও সুরক্ষায়, জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনে, এবং পরিবেশ সংক্রান্ত, জনস্বাস্থ্য এবং ঐতিহাসিকভাবে অতিরিক্ত ভার বহন করা সম্প্রদায়সমূহের জীবনযাত্রার মান উন্নয়নের ব্যাপারে উদ্ভাবনী সমাধান ব্যবহার করতে গভর্নর হোকলের অঙ্গীকারের উপর আলোকপাত করে। EFC এই উদ্যোগটি উদযাপন করছে এবং স্থানীয় সরকারগুলির কাছে যাতে

একটি স্বাস্থ্যকর ও সমৃদ্ধশালী সম্প্রদায়ের জন্য অত্যাবশ্যকীয় আধুনিক, সাড়াদানকারী পানি ব্যবস্থা থাকে তা নিশ্চিত করতে প্রয়োজনীয় আর্থিক সংস্থান প্রদান করতে নিবেদিত আছে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "স্বাস্থ্য সমতা শুরু হয় পরিষ্কার খাবার পানি এবং নির্ভরযোগ্য বর্জ্য ফেলার মতো মৌলিক মানব চাহিদার অবাধ উপলভ্যতা দিয়ে। বিনিয়োগটি দিয়ে, গভর্নর হোকল বহু দশকের ভুল শুধরে নিচ্ছেন, সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য স্বাস্থ্যকর জীবনযাত্রার মানের জন্য প্রকল্প বাস্তবায়ন করতে ঐতিহাসিকভাবে প্রয়োজনীয় সংস্থান না পাওয়া মাউন্ট ভার্ননের মতো সম্প্রদায়গুলিকে অগ্রাধিকার প্রদান করছেন।"

গভর্নরের ঝড় পুনরুদ্ধার অফিসের নির্বাহী পরিচালক ক্যাটি ব্রেনান বলেন, "নিরাপদ ও স্থিতিস্থাপক সম্প্রদায় গঠনে টপ-ডাউন সংস্থানের জন্য প্রয়োজন বটম-আপ পরিকল্পনা এবং অংশীদারিত্ব, এবং আমরা দীর্ঘদিনের আবাসন অসমতা সমাধানে গভর্নর হোকলের প্রতিশ্রুতি পূরণ করতে কাউন্টি ও সিটির সাথে হাতে হাত মিলিয়ে কাজ করতে প্রস্তুত আছি। ঐতিহাসিক উদ্যোগটি কেবল সিটির সরকারি অবকাঠামোতে অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন করবে না, বরং মাউন্ট ভার্ননের বাসিন্দাদের বাড়িতে সরাসরি বিনিয়োগ পৌঁছে দিবে।"

এনভায়রনমেন্টাল প্রোটেকশন অ্যাক্টের (Environmental Protection Act, EPA) অঞ্চল 2 এর আঞ্চলিক প্রশাসক লিসা এফ. গার্সিয়া বলেন, "বাইডেন-হ্যারিস প্রশাসন কর্মসংস্থান সৃষ্টির জন্য এবং একইসাথে মাউন্ট ভার্নন ভার্ননের মতো সম্প্রদায়সমূহে আমেরিকার বয়স্ক পানি অবকাঠামো উন্নয়ন এবং বয়স্ক বর্জ্য পরিশোধন অবকাঠামো এবং খাবার পানিতে সীসার মতো মুখ্য সমস্যা সমাধানে স্টেটের আবর্তিত তহবিল (State Revolving Funds) সুপারচার্জ করেছে। সামনের দিনগুলিতে একটি স্বতন্ত্র অর্থায়ন পদ্ধতির অধীনে, দ্বিপক্ষীয় অবকাঠামো আইনটি (Bipartisan Infrastructure Law) এধরনের কাজ অর্থায়নে সাহায্য করবে এবং এটিকে রূপান্তরকারী বলতেই হবে। এটি ফেডারেল সরকারের পানি অবকাঠামোতে করা একক সর্ববৃহৎ বিনিয়োগ।"

নিউ ইয়র্ক স্টেট এবং কাউন্টির সাথে MOU-তে প্রবেশ করার মাধ্যমে, মাউন্ট ভার্নন সিটি ফেডারেল কনসেন্ট ডিক্রির (Federal Consent Decree) অধীনস্থ পরিষ্কার পানি আইন দীর্ঘদিন ধরে লঙ্ঘিত হওয়ার সমাধান করতে একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করলো।

সিনেটর চার্লস শুমার বলেন, "মাউন্ট ভার্নন পানি অবকাঠামোতে আজকের 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মতো প্রকল্পের স্বপ্নই আমি দেখেছিলাম যখন আমি অবকাঠামো ও কর্মসংস্থান বিলটি অগ্রসর করি। মাউন্ট ভার্নন অনেক বেশি সময় ধরে প্রয়োজনের তুলনায় কম বিনিয়োগ পেয়েছে, যার ফল হলো বয়স্ক পাইপ, জনস্বাস্থ্য ঝুঁকি, এবং বৃষ্টি হলেই বাড়িতে বিষাক্ত বর্জ্য জমে যাওয়ার হুমকি। আমি ওয়াশিংটনে মাউন্ট ভার্নন বাসিন্দাদের জন্য লড়াই করতে পেরে গর্বিত, এবং এই প্রকল্পটিকে অগ্রসর করতে মিলিয়ন মিলিয়ন ডলারের একটি ডাউন পেমেন্ট দিতে পেরে গর্বিত। একাধিক ফেডারেল অর্থের উৎসের সাথে সংযুক্ত গভর্নর হোকলের সাথে আজকের ঐতিহাসিক অংশীদারিত্বই হলো আমেরিকান উদ্ধার পরিকল্পনায় স্থানীয়

সহায়তা এবং পানি অবকাঠামোতে ঐতিহাসিক বিনিয়োগ প্রদান করতে আমি এতো জোর লড়াই করেছি।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর পরিষ্কার, নিরাপদ খাবার পানি পাওয়ার অধিকার রয়েছে। তহবিলটি আমাদেরকে সেটি বাস্তব করার আরেক ধাপ কাছে নিয়ে গেলো। আমি এই প্রকল্পে গভর্নর হোকলের ঐতিহাসিক বিনিয়োগের জন্য তার প্রশংসা করছি এবং নিউ ইয়র্কের পানি অবকাঠামো উন্নয়ন করতে তহবিলের জন্য লড়াই অব্যাহত রাখবো।"

প্রতিনিধি জামাল বোম্যান বলেন, "মাউন্ট ভার্ননের পানি অবকাঠামো পুরো শহরে তীব্র, দীর্ঘমেয়াদি পানি ও জনস্বাস্থ্য অসমতা সৃষ্টি করে। মাউন্ট ভার্ননে বিদ্যমান থাকা ব্যবস্থা উন্নয়ন ও মেরামত করার জন্য এই 168 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ একটি অত্যাবশ্যকীয় বিনিয়োগ। তহবিলটি পানি বর্জ্য অবকাঠামো মেরামত ও উন্নয়ন কাজের জন্য সম্মিলিত অর্থবছর 2022 সম্প্রদায় প্রকল্প তহবিল (Community Project Funding) হিসেবে সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমারের সাথে আমি যেই 3 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছিলাম, তার অনুবর্তী। আজকে আমরা আমাদের সম্প্রদায়ের দীর্ঘদিনের একটি অবকাঠামো প্রয়োজনকে সার্বিকভাবে সমাধান করার আরো অনেক কাছে চলে গেলাম।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "মাউন্ট ভার্ননের বাসিন্দাদের এমন একটি অবকাঠামো প্রাপ্য যা পরিষ্কার খাবার পানি এবং নিরাপদ স্যানিটেশনের নির্ভরযোগ্য উপলভ্যতা প্রদান করে। আমি মাউন্ট ভার্ননের বয়স্ক বর্জ্য পানি অবকাঠামো আধুনিকায়ন করতে এই অতি গুরুত্বপূর্ণ তহবিল আনতে গভর্নর হোকল, মেয়র প্যাটারসন-হাওয়ার্ড, কাউন্টি নির্বাহী ল্যাটিমার এবং আমাদের ওয়েস্টচেস্টার সিনেট প্রতিনিধি দলের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছি। ঐতিহাসিক এই বিনিয়োগ থার্ড স্ট্রিট বর্জ্য প্রকল্পের কাজ শুরু করার ক্ষেত্রে উল্লেখযোগ্য সাহায্য করবে এবং এটি মাউন্ট ভার্ননের পরিষ্কার পানির অবকাঠামো শক্তিশালী করবে যাতে এটি আরো স্থিতিস্থাপক হতে পারে। আমি মাউন্ট ভার্ননের সরকারি অবকাঠামো পুনর্জীবিত করা এবং এখানকার সকল বাসিন্দার জীবনযাত্রার মান উন্নত করতে অত্যাবশ্যকীয় এই বিনিয়োগকে অগ্রাধিকার প্রদানের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেট সিনেটর জামাল টি. বেইলি বলেন, "মাউন্ট ভার্ননের অবকাঠামোতে বিনিয়োগ করা পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করার জন্য অপরিহার্য। ঐতিহাসিক এই তহবিলটি আমাদের বাসিন্দারা যারা বহু দশক ধরে ভঙ্গুর পানি অবকাঠামো এবং মারাত্মক দৈন্যদশায় থাকা ক্ষতিগ্রস্ত একটি বর্জ্য ব্যবস্থা নিয়ে সংগ্রাম করছে, তাদের জন্য রূপান্তরকারী হবে। নতুন করে পাওয়া বিনিয়োগ ও অংশীদারিত্ব নিয়ে, মাউন্ট ভার্নন সিটি নিদারুণ প্রয়োজনীয় মেরামতের কাজ অগ্রসর করা এবং ভবিষ্যতে অনেকদিন পর্যন্ত আমাদের সিটিকে সেবাদান করতে পারবে এমন একটি ব্যবস্থার পুনর্গঠন করা শুরু করতে পারবে। আমি মাউন্ট ভার্ননের জন্য এই তহবিলকে অগ্রাধিকার প্রদানের জন্য গভর্নর ক্যাথি হোকল, মাউন্ট ভার্ননের মেয়র শন প্যাটারসন-হাওয়ার্ড, ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার, এবং নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্ট বেসিল সেগোসকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য জে. গ্যারি প্রেটলো বলেন, "ঐতিহাসিক এই অংশীদারিত্ব দ্বারা, মাউন্ট ভার্নন সিটি এখন আমাদের পানি ও বর্জ্য ব্যবস্থা আধুনিকায়নের গুরুত্বপূর্ণ কাজ শুরু করতে পারবে। অবকাঠামোতে বিনিয়োগ প্রায়ই একটি সম্প্রদায়ের করা সম্ভব এমন সর্ববৃহৎ প্রতিশ্রুত হয়। যেহেতু আমাদের শহরের অনেক বাড়িকে অনেক বেশি সময় ধরে ঝড়ের বন্যা এবং বর্জ্য উপচে পড়া জর্জরিত করে রেখেছে, অংশীদারিত্বটি তাই আমাদের শহর এই বয়স্ক অবকাঠামো রক্ষণাবেক্ষণ করতে, মেরামত এবং প্রতিস্থাপন করতে যেই আর্থিক সমস্যার সম্মুখীন হয়েছে তা উপশম করবে।"

ডিসেম্বর মাসে, গভর্নর মাউন্ট ভার্ননের জন্য DEC থেকে একটি 10 মিলিয়ন মার্কিন ডলারের পানির মান উন্নয়ন প্রকল্প (Water Quality Improvement Project, WQIP) কর্মসূচির অনুদান ঘোষণা করেন যা অপরিশোধিত বর্জ্য নির্গমন প্রতিরোধ করতে শহরের মিউনিসিপ্যাল বর্জ্য পানির আউটফলের একটি অংশ উন্নয়ন করার মাধ্যমে হাচিনসন নিদের পানির মান উন্নত করবে। অনুদানটি ফেডারেল কনসেন্ট ডিক্রি দ্বারা আবশ্যিক কাজ অগ্রসর করে। এছাড়া DEC দূষিত প্রবাহ দ্বারা স্থানীয় সম্প্রদায় ও পরিবেশের ক্ষতি প্রতিরোধ করতে মাউন্ট ভার্ননের মিউনিসিপ্যাল পৃথক ঝড় বর্জ্য ব্যবস্থার মানচিত্র করা সমর্থন করতে একটি 75,000 মার্কিন ডলারের নন-পয়েন্ট পরিকল্পনা অনুদান (Non-Point Planning Grant) প্রদান করে। পাশাপাশি, EFC 2021 সালে মোট 200,000 মার্কিন ডলারের দুইটি প্রকৌশল পরিকল্পনা অনুদান (Engineering Planning Grant) প্রদান করে। মাউন্ট ভার্ননের বর্জ্য পানি অবকাঠামো সমস্যা সমাধানে সাহায্য করার জন্য অন্যান্য স্টেট বিনিয়োগের মধ্যে রয়েছে 2016 সালে প্রদত্ত একটি 1.6 মিলিয়ন মার্কিন ডলারের WQIP অনুদান।

অর্থবছর 2023 এর প্রণীত বাজেট পরিষ্কার পানি উদ্যোগে অর্ধবিলিয়ন মার্কিন ডলারের বেশি অন্তর্ভুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অঙ্গীকারসমূহকে অগ্রসর করে, যার মধ্যে রয়েছে:

- পরিষ্কার পানি অবকাঠামো অর্থায়নে 500 মিলিয়ন মার্কিন ডলার, যার ফলে 2017 সাল থেকে মোট পরিষ্কার পানির বিনিয়োগ দাঁড়ালো 4.5 বিলিয়ন মার্কিন ডলার।
- এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিলের (Environmental Protection Fund, EPF) জন্য রেকর্ড 400 মিলিয়ন মার্কিন ডলার তহবিল, যাতে করে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনকারী অতি গুরুত্বপূর্ণ প্রকল্প সমর্থন করতে পারে, কৃষি সংস্থান উন্নত করতে পারে, পানির উৎস রক্ষা করতে পারে, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করতে পারে এবং বিনোদনমূলক সুযোগ প্রদান করতে পারে।
- ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বাতাস, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশগত বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) জন্য 4.2 বিলিয়ন মার্কিন ডলার। যদি এই হেমন্তে ভোটদানকারীরা অনুমোদন দেয়, তাহলে ঐতিহাসিক এই উদ্যোগটি নিউ ইয়র্ক স্টেটকে আমাদের পানির সংস্থান রক্ষা ও উন্নত করতে, অতি গুরুত্বপূর্ণ পরিবেশগত আবাসস্থল পুনর্বাসন করতে, বন্যার ঝুঁকি হ্রাস করতে, আরো বেশি ভূমি ও খোলা স্থান সংরক্ষণ করতে, এবং দূষণ হ্রাসকারী ও কার্বন নিঃসরণ কমায় এমন জলবায়ু পরিবর্তন প্রশমন প্রকল্পে বিনিয়োগ করতে; এবং
- স্টেটের ওয়েটল্যান্ড সুরক্ষা কর্মসূচি দ্বারা পানির মান আরো সুরক্ষিত করা, আনুমানিক এক মিলিয়ন বাড়তি একর অরক্ষিত ওয়েটল্যান্ড আবাসস্থল নিরাপদ

রাখা এবং জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট বর্ধিত বন্যা ও তীব্র ঝড়ের সাথে মানিয়ে নিতে নিউ ইয়র্ক বাসীদের সাহায্য করার জন্য প্রয়োজনীয় সমর্থন প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418